

এসকে সোহেল | দেশজুড়ে | 28 April, 2025

সুন্দরবনের বন দস্যু আনারুল বাহিনীর মোঃ বিল্লাল হোসেন (৩৩) নামের এক সদস্যকে আটক করেছে কোস্ট গার্ড পশ্চিম জোন মোংলা। এ সময় তার কাছ থেকে একটি একনলা বন্দুক ও পাঁচ রাউন্ড তাজা কার্তুজ উদ্ধার করা হয়েছে। রোববার (২৭ মার্চ) সন্ধ্যায় সুন্দরবনের শিবসা ফরেস্ট অফিস সংলগ্ন মুচির দোয়ানি এলাকায় বনের অভ্যন্তরে অভিযান চালিয়ে ওই ডাকাত সদস্যকে আটক করা হয়। সোমবার সকালে কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সিয়াম-উল-হক এসব তথ্য জানান।

তিনি বলেন, সুন্দরবনের শিবসা ফরেস্ট অফিস সংলগ্ন মুচির দোয়ানি এলাকায় বনদস্যু আনারুল বাহিনীর সদস্যরা অবস্থান করছেন এমন সংবাদের ভিত্তিতে ওই এলাকায় অভিযান চালানো হয়। কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে ডাকাতরা বনের ভেতরে পালিয়ে যায়। পরে বনের অভ্যন্তরে অভিযান চালিয়ে মোঃ বিল্লাল হোসেন (৩৩) নামের আনারুল বাহিনীর এক সহযোগীকে আটক করা হয়।

জিজ্ঞাসাবাদে বিল্লাল হোসেন জানিয়েছেন, সে দীর্ঘদিন ধরে সুন্দরবনে ডাকাতি কর্মকাণ্ডের সাথে জড়িত এবং আনারুল বাহিনীর সদস্যদের অস্ত্র ও গোলাবারুদ সরবরাহ করত। আটককৃত বিল্লাল খুলনার কয়রা থানার বাসিন্দা।

উদ্ধারকৃত অস্ত্র ও গোলাবারুদসহ আটক বিল্লালের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে দাকোপ থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 07:15

URL: <https://timestodaybd.com/across-the-country/7758071559>